

■■ যে সকল হারামকে মানুষ তুচ্ছ মনে করে থাকে

বিভাগ/অধ্যায়ঃ ৬৩. লোকদের অনীহা সত্ত্বেও গোপনে তাদের আলাপ শ্রবণ করা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

লোকদের অনীহা সত্ত্বেও গোপনে তাদের আলাপ শ্রবণ করা

আল্লাহ তা'আলা বলেন.

﴿ وَ لَا تَجَسَّسُوا ﴾ [الحجرات: ١٢]

"তোমরা গোয়েন্দাগিরি করো না"। [সূরা আল-হুজুরাত, আয়াত: ১২]

অনুরূপ ইবন আব্বাস রাদিয়াল্লাহু 'আনহুমা থেকে বর্ণিত, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«مَنِ اسْتَمَعَ إِلَى حَدِيثِ قَوْم، وَهُمْ لَهُ كَارِهُونَ، أَوْ يَفِرُّونَ مِنْهُ، صُبَّ فِي أُذُنِهِ الآنُكُ يَوْمَ القِيَامَةِ»

"যে ব্যক্তি লোকদের অনীহা বা তার কাছ থেকে পালানো সত্ত্বেও তাদের কথা মনোযোগ দিয়ে শোনে কিয়ামতের দিন তার দু'কানে গলিত সীসা ঢেলে দেওয়া হবে"।[1]

আর যদি ক্ষতি করার মানসে তাদের থেকে শোনা কথা তাদের অগোচরে মানুষের নিকট বলে বড়োয়, তাহলে গোয়েন্দাগিরি পাপের সাথে কুটনামির পাপও জড়িত হবে। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«لَا يَدْخُلُ الجَنَّةَ قَتَّاتٌ»

"কাত্তাত বা চোগলখোর জান্নাতে প্রবেশ করবে না"।[2]

>

ফুটনোট

- [1] সহীহ বুখারী; মিশকাত, হাদীস নং ৪৪৯৯।
- [2] সহীহ বুখারী; সহীহ মুসলিম; মিশকাত, হাদীস নং ৪৮২৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10091

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন